

দেশে ভোটারের সংখ্যা

গতকাল (বুধবার) বাংলাদেশ নির্বাচন কমিশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় যে, বর্তমানে চালু ভোটার তালিকা অনুযায়ী আগামী ৩রা জুন অনুষ্ঠিতব্য আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ভোট গ্রহণ করা হইবে। বর্তমানে দেশে তালিকাভুক্ত মোট ভোটার সংখ্যা হইল ৩ কোটি ৮৪ লক্ষ ৮৬ হাজার ২ শত ৪৭। ইহার মধ্যে শতকরা ৫২ জন পুরুষ ও ৪৮ জন মহিলা ভোটার। মোট ভোটারের মধ্যে ৩ কোটি ৫৮ লক্ষ ৮৫ হাজার ২ শত ৪৮ জন (পুরুষ ১ কোটি ৮৫ লক্ষ ৯১ হাজার ৮ শত ৬২ এবং মহিলা ১ কোটি ৭২ লক্ষ ৯০ হাজার ৩ শত ৮৬) পল্লী অঞ্চলে এবং ২৬ লক্ষ ৯ শত ৯৯ জন শহরাঞ্চলের (পুরুষ ১৫ লক্ষ ৬৫ হাজার ২ শত ৪৪ এবং মহিলা ১০ লক্ষ ৩৫ হাজার ৭ শত ৫৫) অধিবাসী।

জেলা ওয়ারী ভোটার সংখ্যা নিয়ে প্রদত্ত হইলঃ রংপুর—২৮ লক্ষ

৭ হাজার ৭ শত ৪২, দিনাজপুর—
১৪ লক্ষ ২০ হাজার ২ শত ৪২,
বগুড়া—১২ লক্ষ ৯ হাজার ৭ শত
৬, রাজশাহী—২৯ লক্ষ ৯০ হাজার
২ শত ৪০, পাবনা—১৪ লক্ষ ৫৪
হাজার ১ শত ৭৯, কুষ্টিয়া—৯
লক্ষ ৩৬ হাজার ৯ শত ৫৭,
যশোর—১৬ লক্ষ ৮৪ হাজার
২০, খুলনা—১৮ লক্ষ ৫০ হাজার
১ শত ০৮, পটুয়াখালী ৮ লক্ষ
৯৪ হাজার ১ শত ৯৪, বরিশাল
—২১ লক্ষ ৪৮ হাজার ২
শত ৬২, টাঙ্গাইল—১০ লক্ষ,
৭০ হাজার ৬০, ময়মনসিংহ
—৪০ লক্ষ ৭ হাজার ৮ শত
৫৪, ঢাকা ৪১ লক্ষ ৪৫ হাজার
০৬, ফরিদপুর—২২ লক্ষ ১৫
হাজার ২ শত ৯৮, সিলেট—
২৬ লক্ষ ১৯ হাজার ০ শত ২০,
কুমিল্লা—৩২ লক্ষ ৮৯ হাজার ৯
শত ৬৭, নোয়াখালী—১৭ লক্ষ
৫২ হাজার ৭ শত ৬৯, চট্টগ্রাম—
২৪ লক্ষ ৭ হাজার ৮ শত ২৪
এবং পার্বত্য চট্টগ্রাম—২ লক্ষ ৯৬
হাজার ৪ শত ৪১।

মহকুমা সদর দফতরে ইলেক-
শন অফিসারের কার্যালয়ে
ভোটার তালিকা পাওয়া যাইবে।
কোন নির্বাচন প্রার্থী অথবা
তাঁহার এজেন্ট ভোটার তালিকা
ক্রয় করিতে চাহিলে, তাঁহাকে
ভোটার তালিকার সংখ্যার
উল্লেখ করিয়া সংশ্লিষ্ট ইলেকশন
অফিসারের নিকট লিখিত দরখাস্ত
করিতে অনুরোধ করা হইয়াছে।
প্রতি পৃষ্ঠার দাম ২৫ পয়সা
নির্ধারণ করা হইয়াছে। সমগ্র
মহকুমার পূর্ব তালিকা বিক্রয়
করা হইবে ও অংশ বিশেষ বিক্রয়
করা হইবে না।

৬০ হাজার ৫ শত ২টি বুথ-
সহ মোট ভোট কেন্দ্রের সংখ্যা
হইবে ২১ হাজার ৪ শত ৮৬।
বিশেষ বাংলাদেশ গেজেটে মহ-
কুমা ওয়ারী ভোট কেন্দ্রের তালিকা
প্রকাশ করা হইতেছে।

126